# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 18-09-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ তৃণমূল কংগ্রেস দলের নাম ও নির্বাচনী প্রতীককে কেন্দ্র করে তৈরী হওয়া বিবাদের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, অন্তর্বর্তী বিধিনিষেধ জারি করেছে। # দু’পক্ষকেই নতুন নির্বাচনী প্রতীক ও নাম বেছে নিতে বলা হয়েছে।

২/ কেন্দ্রীয় অর্থমন্ত্রক আজ নতুন দিল্লিতে বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রী ও অর্থসচিবদের এক সম্মেলন আয়োজন করেছে ।

৩ / আন্তর্জাতিক রেটিং এজেন্সি মুডি'স চলতি অর্থবর্ষে ভারতের GDP বৃদ্ধির হার ৭ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে।

৪/ রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্যালেস্টাইনের রাষ্ট্রপতি মাহমুদ আব্বাসের বক্তব্য রাখার প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে ভারত ।

৫/ আগামীকাল জাপানের নাগোয়াতে ২০তম এশিয়ান গেমস শুরু হচ্ছে।

# উদ্বোধনী অনুষ্ঠানে মনু ভাকের ও তাজিন্দারপাল সিং ভারতের পতাকা বহন করবেন ।

oooooooooooooo

তৃণমূল কংগ্রেস দলের নাম এবং নির্বাচনী প্রতীক ঘিরে তৈরি হওয়া অভ্যন্তরীণ বিবাদের প্রেক্ষিতে নির্বাচন কমিশন অন্তর্বর্তী নির্দেশ জারি করেছে । কমিশন সেই নির্দেশে জানিয়েছে আপাতত অরূপ রায় এবং মমতা ব্যানার্জি—দুই পক্ষের কেউই অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস নাম বা দলের সংরক্ষিত জোড়া ফুল প্রতীক ব্যবহার

করতে পারবে না। উপনির্বাচনের স্বার্থে দুই পক্ষকেই আলাদা নামে এবং কমিশনের নির্ধারিত মুক্ত প্রতীক নিয়ে ভোটে লড়তে হবে। চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই অন্তর্বর্তী ব্যবস্থা বলবৎ থাকবে। ১৪ পাতার অন্তর্বর্তী নির্দেশে নির্বাচন কমিশন জানিয়েছে, তাদের সামনে থাকা নথি, দাবি ও পাল্টা দাবির ভিত্তিতে আপাতত এ কথা স্পষ্ট যে, তৃণমূলের মধ্যে দু'টি প্রতিদ্বন্দ্বী গোষ্ঠী তৈরি হয়েছে। একটি মমতা ব্যানার্জির নেতৃত্বাধীন, অন্যটি অরূপ রায়ের নেতৃত্বাধীন। উভয় পক্ষই নিজেদের প্রকৃত তৃণমূল কংগ্রেস বলে দাবি করছে। ফলে নির্বাচন প্রতীক সংক্রান্ত আদেশের ১৫ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী কমিশনের পক্ষে এই বিরোধের পূর্ণাঙ্গ নিষ্পত্তি করা প্রয়োজন।

কমিশন জানিয়েছে, চলতি উপনির্বাচনের নির্ধারিত সময়সূচির মধ্যে এই বিরোধের চূড়ান্ত নিষ্পত্তি করা সম্ভব নয়। কিন্তু প্রতীক ও দলের নাম ব্যবহার নিয়ে অবিলম্বে সিদ্ধান্ত নেওয়া জরুরি ছিল। সেই কারণেই অন্তর্বর্তী নির্দেশ জারি করা হয়েছে।

oooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রকের আয়োজনে নতুন দিল্লিতে আজ বিকশিত ভারতের পথে যাত্রার দু দিনব্যাপী সম্মেলনের সূচনা হচ্ছে। মন্ত্রক জানিয়েছে যে, বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রী এবং অর্থসচিবদের জন্য এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের পাশাপাশি বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীরা সম্মেলনে উপস্থিত থাকবেন।

এছাড়া, পরিসংখ্যান ও কর্মসূচি রূপায়ণ মন্ত্রকের সচিব ড. সৌরভ গর্গ বিকশিত ভারতের পথে যাত্রায় দেশের আর্থিক বিকাশের ফলাফল পরিমাপের গুরুত্ব তুলে ধরবেন। ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সচিব এস. কৃষ্ণন, সু শাসনে আধুনিক প্রযুক্তির ভূমিকা সংক্ষেপে তুলে ধরবেন।

মন্ত্রক জানিয়েছে, ভারতের উন্নয়নের যাত্রাপথে অর্থনীতি সংক্রান্ত চ্যালেঞ্জ ও নীতিগত বিষয়গুলিকে অগ্রাধিকার দিয়ে আলোচনার জন্য এই সম্মেলনে তাত্ত্বিক বিশ্লেষণ এবং বাস্তবমুখী নীতি-পরিকল্পনার সমন্বয় ঘটানো হবে।

oooooooooooooo

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, ভুটানের উন্নয়নী লক্ষ্য ও অগ্রাধিকার পুরনে ভারতের সমর্থন ব্যক্ত করেছেন। ১৬ থেকে ১৮ সেপ্টেম্বর ভূটান সফরকালে তিনি সেদেশের বিদেশ মন্ত্রী লিম্পো ডি এন ঢুঙ্গিয়েল-এর সঙ্গে দুদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্নও দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা করেন। এছাড়াও, তাঁদের মধ্যে আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্নও ইস্যুতেও মত বিনিময় হয়। ভারত ভূটান অংশিদারিত্ত্বের বহুপাক্ষিক দিকগুলি আরও শক্তিশালী করার বিষয়ে গৃহীত উদ্যোগ নিয়ে উভয়পক্ষ সন্তোষ ব্যক্ত করে। ডঃ জয়শঙ্করের সফরকালে তিনি ভুটানের বিদেশ মন্ত্রীর সঙ্গে যৌথ ভাবে বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও সূচনা করেন। এর মধ্যে উল্লেখযোগ্য মঙ্গারে একটি ৬৫ শয্যার হাসপাতাল এবং একটি সড়ক সেতু। ভারতের পক্ষ থেকে ৫৪ টি বিদ্যুৎ চালিত গাড়ি এবং ৪৩ টি জার্সি গরু প্রদান করা হয় এছাড়াও তাঁরা ৫০০ কিলোওয়াট খমতা সম্পন্ন লুনানা জলবিদ্যুৎ প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ডঃ জয়শঙ্কর, ভূটান নরেশ জিগমে খেসর নামগিয়াল ওয়াংচুক এবং সেদেশের প্রধানমন্ত্রী দাসো সেরিং টৌবগে-এর সঙ্গে সাক্ষাৎ করেন।

oooooooooooooooo

ভারত ও নেপাল, উভয় দেশের পণ্যদ্রব্য যাতে দুই দেশেই আরও বেশি করে পাওয়া যায়, সে বিষয়ে পদক্ষেপ নিয়ে গতকাল আলোচনা করেছে। কেন্দ্রীয় শিল্প-বাণিজ্য মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, নতুনদিল্লীতে আয়োজিত বাণিজ্য, পণ্য চলাচল ও বেআইনি লেনদেন বন্ধে সহযোগিতা সংক্রান্ত দুদিনের আন্ত: সরকারী বৈঠকে দুইদেশ এ সংক্রান্ত বিভিন্ন ইস্যু নিয়ে মতবিনিময় করে।

এই বৈঠকে দুই দেশের পণ্যের উভয় দেশের বাজারে প্রবেশাধিকার, সীমা শুল্ক, বাণিজ্যিক সহযোগিতা, পণ্য মান, খাদ্য নিরাপত্তা, সীমান্ত পরিকাঠামো এবং রেল ও সড়ক যোগাযোগ সহ বাণিজ্যিক লেনদেনের বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বাণিজ্য মন্ত্রকের যুগ্ম সচিব উজ্জ্বল কুমার ঘোষ এবং নেপালের শিল্প বাণিজ্য মন্ত্রকের সচিব বুদ্ধ বাহাদুর গুরুং ।

দুই দেশের মধ্যে সমন্বিত চেকপোস্ট এবং ভুমিবন্দর পরিকাঠামো নিয়েও আলোচনা হয়েছে ।

০০০০০০০০০০০০০০

'বিদেশি অনুদান নিয়ন্ত্রণ সংশোধনী বিল, ২০২৬'-এর বিষয়ে গঠিত যৌথ সংসদীয় কমিটির প্রথম বৈঠক নতুনদিল্লিতে হবে আজ। বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রকের প্রতিনিধিরা বিলের বিভিন্ন নিয়ম সম্পর্কে কমিটিকে বিস্তারিত তথ্য দেবেন। লোকসভা থেকে ২১ জন এবং রাজ্যসভার ১০ জন সদস্য রয়েছেন এই কমিটিতে। লোকসভার সাংসদ সঞ্জয় জয়সওয়াল এই যৌথ সংসদীয় কমিটির নেতৃত্ব দেবেন।

উল্লেখ্য, 'বিদেশি অনুদান নিয়ন্ত্রণ সংশোধনী বিল, ২০২৬'-এর বিষয়ে আরো বিশদ পর্যালোচনার জন্য যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানোর বিষয়ে গত ১২ই আগস্ট সংসদের উভয় কৃষ্ণ সম্মতি জানায়। বিদেশি অনুদানের ব্যবহারকে আরও স্বচ্ছ এবং জবাবদিহিমূলক করে তোলার লক্ষ্যে 'বিদেশি অনুদান নিয়ন্ত্রণ আইন, ২০১০'-এ সংশোধন করতে এই বিল আনা হয়।

০০০০০০০০০০০০০০

ন্যাশনাল টেস্টিং এজেন্সি -NTA ইংরেজি, বাণিজ্য এবং সমাজবিজ্ঞান, এই তিনটি বিষয়ে আয়োজিত UGC-NET জুন ২০২৬ পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র প্রকাশ করেছে। উত্তরপত্রগুলো HTTPS://UGCNET.NTA.NIC.IN/ এই অফিসিয়াল ওয়েবসাইটে

পাওয়া যাচ্ছে। দেশের ২৭২টি শহরের ৪৫৪টি কেন্দ্রে চলতি মাসের ৯ ও ১০ তারিখে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক রেটিং এজেন্সি মুডি'স চলতি অর্থবর্ষে ভারতের GDP বৃদ্ধির হার ৭ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে। এর আগে, তাদের পূর্বাভাসে এই হার ছিল ৬ শতাংশ। এজেন্সি জানানো হয়েছে, পশ্চিম এশিয়ায় যুদ্ধের ফলে বিশ্বব্যাপী যে আর্থিক অস্থিরতা দেখা দিয়েছে তার মধ্যেও ভারতীয় অর্থনীতি তাদের অগ্রগতি বজায় রেখেছে। এই সংস্থা জানিয়েছে , আশা করা যায় G-২০ ভুক্ত দেশগুলির মধ্যে দ্রুততম GDP বৃদ্ধির হার ভারত বজায় রাখতে সক্ষম হবে।

০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের উচ্চপর্যায়ের অধিবেশনে প্যালেস্তাইনের রাষ্ট্রপতি মাহমুদ আব্বাসকে ভিডিওর মাধ্যমে বক্তব্য রাখার অনুমতি সংক্রান্ত প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে ভারত। নিউ ইয়র্কে এই অধিবেশনের প্রস্তাবটি ১৫২টি দেশের সমর্থনে পাস হয়েছে। মাত্র তিনটি দেশ আমেরিকা, ইসরায়েল এবং প্যারাগুয়ে এই প্রস্তাবের বিপক্ষে ভোট দেয়। চারটি দেশ ভোটদানে বিরত থাকে।

আমেরিকার প্রশাসন রাষ্ট্রপতি আব্বাস ও তার প্রতিনিধি দলকে ভিসা দিতে অস্বীকার করায় টানা দ্বিতীয় বছর তিনি সরাসরি অধিবেশনে যোগ দিতে পারছেন না। আমেরিকার উপ-স্থায়ী প্রতিনিধি ট্যামি ব্রুস এই সিদ্ধান্তের পক্ষে যুক্তি দিয়ে প্যালেস্তিনীয় নেতৃত্বের বিরুদ্ধে সন্ত্রাসবাদের অভিযোগ তোলেন।

০০০০০০০০০০০০০০০০

ইরানের ওপর গত বছর যেসব নিষেধাজ্ঞা চাপানো হয়েছিল, তা পর্যবেক্ষণের জন্য রাষ্ট্রসংঘের বিশেষজ্ঞ নিয়োগের প্রস্তাবকে রাশিয়া ও চীন ভেটো দিয়ে আটকে

দিয়েছে। ইরানের পারমাণবিক কর্মসূচির কারণে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের নিষেধাজ্ঞাগুলো এখনও কার্যকর রয়েছে। এরমধ্যে রয়েছে বিদেশে থাকা সেদেশের সম্পদ বাজেয়াপ্ত করা, তেহরানের সঙ্গে অস্ত্র কেনাবেচা বন্ধ রাখা এবং ইরান ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচি চালালে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ। নিষেধাজ্ঞাগুলি বাস্তবায়নের বিষয়টি পর্যবেক্ষণের জন্য রাষ্ট্রসংঘের বিশেষজ্ঞদের একটি দলকে অনুমোদন দেওয়া হয়। রাশিয়া ও চীনের ভেটোর কারণে প্রস্তাবটি ১১-২ ভোটে বাতিল হয়। ভোটদান থেকে বিরত ছিল সোমালিয়া এবং পাকিস্তান ।

oooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্র, কিউবার আটটি সংস্থা এবং তিনজন সামরিক উচ্চপদস্থ আধিকারিকের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। নিষেধাজ্ঞার মূল লক্ষ্য সেদেশের নিকেল শিল্প এবং সামরিক গবেষণা প্রতিষ্ঠানগুলো। ওই তালিকাভুক্ত সংস্থা বা ব্যক্তিদের সম্পত্তি যদি মার্কিন যুক্তরাষ্ট্রে থাকে তবে তা অবরুদ্ধ করা হবে।

oooooooooooooooo

ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লেয়েন জানিয়েছেন, ক্ষেপণাস্ত্র ও ড্রোন সংগ্রহের জন্য ইউরোপীয় ইউনিয়ন ইউক্রেনকে আরো ৩৩০ কোটি ইউরো অর্থ সহায়তা দেবে। গতকাল ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে ফোনে কথোপকথনের পরে এই ঘোষণা করেন তিনি। সমাজ মাধ্যমে ভন ডের লেয়েন জানিয়েছেন, রাশিয়া কিয়েভকে লক্ষ্যবস্তু করছে। তাই ইউরোপীয় ইউনিয়ন, ইউক্রেনের পাশে রয়েছে।

'ইউক্রেন সাপোর্ট লোন'-এর আওতায় এই অনুমোদন দেওয়া হয়েছে। প্রয়োজনে আরো সহায়তা প্রদানের কথা বলেন তিনি। ইউক্রেনের প্রেসিডেন্ট জানিয়েছেন, ভন ডের লেয়েনের সঙ্গে তাঁর আলোচনা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে এবং ইউক্রেনের

নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলোর প্রতি মনোযোগ দেওয়ার জন্য তিনি তাঁকে ধন্যবাদ জানান।

oooooooooooooo

পাকিস্তান সেদেশের অর্থনৈতিক অবস্থার প্রেক্ষিতে বিভিন্ন ক্ষেত্রে ব্যয়সংকোচ ব্যবস্থা ঘোষণা করেছে। ইসলামাবাদ জ্বালানি ব্যবহার, সরকারি আধিকারিকদের জন্য বিদেশ ভ্রমণ, নতুন সরকারি গাড়ি কেনা এবং সরকারের উদ্যোগে নৈশভোজ আয়োজনের ওপর নিয়ন্ত্রণ জারি করেছে। এছাড়াও, বিভিন্ন ধরণের সম্মেলন ও সেমিনার আয়োজনের ওপরেও নিয়ন্ত্রণ জারি করা হয়েছে। বাজার এবং শপিং সেন্টার গুলিকেও রাত্রি ৯ টার মধ্যে বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

গোয়েন্দা সংস্থা সূত্রে দাবি করা হয়েছে, একই সঙ্গে সেদেশে লস্কর এ তৈবা এবং জৈশ এ মহম্মদের মতো সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলির জন্য আরোও বেশি করে অর্থসংগ্রহের উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন বেআইনি মাদক কারবারি, অর্থ পাচারকারী গোষ্ঠীর কাছ থেকে এইসব সংগঠনের তহবিলে ৭ থেকে দশ কোটি ডলার দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গেছে।

oooooooooooooooo

বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৫০ তম প্রয়াণ বার্ষিকী উপলক্ষ্যে গতকাল ঢাকায় ভারতীয় হাইকমিশন ও 'ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারে'র যৌথ উদ্যোগে নজরুল সন্ধ্যার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে দুই দেশের অভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্যের ক্ষেত্রে কাজী নজরুল ইসলামের অবদানকে স্মরণ করা হয়। ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী দুই দেশের মধ্যে কাজী নজরুলের আদর্শে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার ওপর জোর দেন। বাংলাদেশের সংস্কৃতি মন্ত্রী নিতাই রায়চৌধুরী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি জানান, বাংলাদেশ সরকার ২০২৬ সালকে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করেছে।

oooooooooooooo

হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড আজ বেঙ্গালুরুতে ভারতীয় বায়ুসেনার কাছে হালকা যুদ্ধ বিমান, তেজস এবং HTT 40 বেসিক ট্রেনার বিমান হস্তান্তর করবে। পবন হ্ হংস লিমিটেডের কাছে তারা ধ্রুব নেক্সট জেনারেশন হেলিকপ্টারগুলিও হস্তান্তর করবে।

আজকের এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং অ সামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু। প্রতিরক্ষা মন্ত্রক বলেছে যে এই উদ্যোগের ফলে দেশীয় প্রযুক্তি আরো শক্তিশালী হয়ে উঠবে এবং বিদেশের উপর নির্ভরতা হ্রাস করার আরো একটি পদক্ষেপ।

oooooooooooooooo

জম্মু-কাশ্মীরের উধমপুর জেলায় 'অপারেশন সোহান'-এর মাধ্যমে জইশ-এর দুই সন্ত্রাসবাদীকে নিকেশ করায় নর্দার্ন আর্মি কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা হোয়াইট নাইট কোরের ভূয়সী প্রশংসা করেছেন।

আকাশবাণী জম্মুর সংবাদদাতা জানিয়েছেন, উধমপুর জেলার মাজালতা এলাকায় এই সফল গোয়েন্দা-ভিত্তিক অভিযানে জম্মু ও কাশ্মীর পুলিশ এবং সিআরপিএফ (CRPF)-এর সঙ্গে ভারতীয় সেনা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেছে ।

এই অভিযানের ফলে দুই জইশ জঙ্গি নিহত এবং সন্ত্রাসবাদীদের সাহায্যকারী এক ব্যক্তি গ্রেপ্তার হয়েছে। এর পাশাপাশি ঘটনাস্থল থেকে প্রচুর অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে। এদিকে, উধমপুর পূর্বের বিধায়ক আরএস পাঠানিয়াও এই অভিযানের সাফল্যে নিরাপত্তা বাহিনীকে সাধুবাদ জানিয়েছেন।

oooooooooooooo

ঝাড়খণ্ড স্টেট কো-অপারেটিভ ব্যাংকের আর্থিক কেলেঙ্কারির ঘটনায় ঝাড়খণ্ড এবং ওড়িশার সাতটি স্থানে তল্লাশি চালাচ্ছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। ব্যবসায়ী সঞ্জয় কুমার ডালমিয়া, ব্যাংকের তৎকালীন আধিকারিকদের সঙ্গে যুক্ত হয়ে ওই ব্যাংকের সরাইকেলা শাখায় বড় ধরনের জালিয়াতি করে বলে ইডি সূত্রে জানানো হয়েছে। তারই তদন্তে এই তল্লাশি অভিযান চালাচ্ছে ইডি।

oooooooooooooooo

আজ যন্ত্রের দেবতা বিশ্বকর্মা পুজো। শ্রমিক ও মালিকের সহাবস্থানে আদর্শ শিল্প পরিকাঠামো গড়ে তোলার ভারতীয় সংস্কৃতির এক অনন্য আরাধনা। কলকারখানা সহ নানা শিল্প প্রতিষ্ঠানে গোটা রাজ্য জুড়ে শিল্পের দেবতা বিশ্বকর্মার পুজোর আয়োজন করা হয়েছে। দুর্গাপুর আসানসোল নদীয়ার কল্যাণী সহ রাজ্যের অন্যান্য শিল্পাঞ্চল গুলিতে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়েছে।

বিশ্বকর্মা পূজা উপলক্ষে পুজো মণ্ডপ গুলিকে আলোর মালার সাজিয়ে তোলা হয়েছে। এই উপলক্ষে পশ্চিমবঙ্গ সরকার আজ ছুটি ঘোষণা করেছে। এ রাজ্য ছাড়াও অসম ত্রিপুরা সহ অন্যান্য রাজ্যেও বিশ্বকর্মা পুজো উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হবে। এদিকে বিশ্বকর্মা পূজা উপলক্ষে আজ আকাশে দেখা যাবে রংবেরঙের নানান ঘুড়ি। কচিকাঁচাদের পাশে বড়রাও ঘুড়ি উড়ানোর আনন্দে শামিল হবেন।

oooooooooooooo

জাপানের নাগোয়ায় আগামীকাল ২০-তম এশিয়ান গেমস শুরু হচ্ছে। শ্যুটিংয়ে দু'বারের অলিম্পিক পদকপ্রাপ্ত মনু ভাকের এবং শর্ট পাটে এশীয় চ্যাম্পিয়ন তাজিন্দরপাল সিং উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের পতাকা বহন করবেন। ভারতীয় প্রতিনিধিদলের 'শেফ দ্য মিশন'- সহদেব যাদব আজ এই খবর জানিয়েছেন। ২০২৪-এর অলিম্পিকে মনু ভাকের স্বাধীন ভারতের প্রথম মহিলা খেলোয়াড় হিসেবে শ্যুটিংয়ে দুটি পদক জেতেন। অন্যদিকে, তাজিন্দরপাল সিং ২০১৮ এবং ২০২২-এ 'শর্ট পাট'-এ স্বর্ণপদক পেয়েছিলেন।

OOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOO